Supro Position Paper 17

MDG will not be achieved without Gender Equality

Goal 3: Promote gender equality and empower women

July 2007

MDG and target of Bangladesh

Gender Equality and Women Empowerment is an important means for development that has been included in PRSP. So, it would not possible to achieve the goals of Millennium Declaration without ensuring Gender Equality.

The Millennium Development Goals (MDGs) set out a powerful agenda for a global partnership to fight global poverty and hunger, offering a shared vision of a better world by the year 2015. The vision is to reduce extreme poverty and hunger, gender equality, sustainable environment and global partnership which have been set out in 8 Goals and 18 targets. Bangladesh commits to achieve these goals and target within 2015 as a signatory of Millennium Declaration.

Goal -3	Target-4	Indicator
Gender equality and women empowerment.	Eliminate Gender inequality in primary and secondary education by 2005 and all level of education by 2015.	- Male-Female ratio in primary, secondary and higher education. - Female-male ratio in literacy - Portion of women labor in non agricultural sector

The third MDG commits to ensure gender equality and women empowerment and to achieve these goals Bangladesh set out a target to eliminate gender inequality in primary and secondary education by 2005 and all level of education by 2015.

Female-Male ratio in education

Bangladesh has about to achieve the target on male-female ratio in primary and secondary education by 2005. About 87% of the total children aged of 6 to 10 years enrolls in the school and about 81% complete the primary education. The government has taken a few special initiatives for increasing girls enrolment in primary and secondary schools like stipend to the girls students at primary and secondary level, free book and other educational supplementary materials support to the students that has given a hand to achieve this goals. Now boys and girls ratio is 55:45 and it is near about the target.

Level of education	Base Year (1990-95)	Present scenario
Primary	45:55	51:55
Secondary	34:66	46:54
Higher education	25:75	38:62

Source: Global Monitoring Report.

Target of enrolment has been achieved successfully, but challenges is now to achieve universal primary education that would cost USD 1.7 billion and government has to collect about 40% of this amount from other development partners if we wish to achieve the goals of universal primary education by 2015.

Women Participation in Labor Force

Women Participation in employment and income is an important means of Women Empowerment and reducing income disparity between male and female.

Total Labor Force	Male	Female
4632400	78%	22%

Source: Bangladesh Institute of Labour Studies (BILS).

The total labour forces aged 15+ of Bangladesh is 4832400. Women participation is only 22%, the above statistics shows. The percentage of female labour force constructed basically depends from RMG sector where 80 percent labour force is female. According to UNDP, Women participation rate in Labour Force of Bangladesh is just double from other South Asian countries. In 2003, women participation in economy of Bangladesh was 55.9%., India 25.7%, Pakistan 15.2% and Srilanka 47.4% (Sangbad 18 April 05). But contribution of women is not recognized in national economy. Because women's participation in labor is most of the informal sector. The state should take necessary measures to recognize the women participation in national economy irrespective of formal and informal economy.

Empowerment of Women at Local Government

Now in the Union Parishad (UP) Election, there have 3 women reserve seats for members out of 12. It is a significant step of government for empowering women at local government level. As a result, in 1997 UP election, about 50 thousands women took part to the election and 12 thousands and 8 hundred women were elected including UP Chairman.

But the women members of UP are being bared from decision making and power practice process, a research report of Khan Foundation says. Daily Sangbad (18 April 2005), a national Bangla daily newspaper reports that about 82% members could not be part in decision making process of UP to fulfill their election commitment. Urban

>> read more

area, in City Corporation and -Pourashava level women participation is remarkable.

Women in Parliament

Women participation in Political process is very low in Bangladesh while half of total population is women. In National Election 1991, only 2% parliament member were women while the Prime Minister and Leader of Opposition were women also. In last Parliament election in 2001, only 6 parliament members (2%) were women out of total 300 MPs. A bill for reserved seats for women has been passed and total 45 reserved seats will be kept for the women in the next parliament election that would increase the participation of women in the parliament. But the women leaders are asking direct election in the women seats, the issue should be taken in concern for women empowerment in practice.

Women in cabinet from 1972-2001

Year	Total member of cabinet	Women member of cabinet
1971-75	50	2
1976-82	101	6
1982-90	133	4
1991-96	39	3
1996-2001	42	4
2001-2006	60	3

Source: Democracy Watch research report July 2003.

Women Development Policy

In 1997, Government has developed and adopted National Women Development Policy and according to this policy woman has got rights to participate directly in UP election and a few initiatives are taken e.g. inclusion of mother's name with father's name, pension scheme for widows of late employee, 60% quota for primary school teacher and 30% quota in other educational institution. But in 2004, this policy was revised and most of initiatives which increase women empowerment were almost lost. Now the women leaders are demanding to reactivate the Women Development Policy 1997 and the Government should take necessary steps in this regards to achieve gender equality as commitment of MDG.

Women in PRSP

In PRSP, there has been discussed achievement of women and mechanism to eliminate gender discrimination in a separate chapter recognizing gender equality is an important means for development and poverty reduction. Priority has been given to the women in education, health, agriculture and environment as well as other sectors. PRSP has pointed out that women's are falling to extreme poverty due to gender discrimination in wage in Bangladesh.

Uniform Family code in PRSP

There have different types of religious family code in Bangladesh based on different religion, as results women are treated differently in the same state. The women leaders are demanding an uniform family code to resolve this issues and the government have included this issue in PRSP that commits to implement the uniform family code by 2007. But it is not implemented yet. Moreover, government is still to disapprove the 2nd article of CEDAW. Because it says about the equal rights of women on property possessions and it will create contradiction with existing religious based family code.

Besides, there was a committee to eradicate gender discriminatory words, sentences and concepts from textbook. But till now it is not initiated.

Women Development in National Budget (2007-08)

Women are discussed in social safety and security section where given a description as `the major challenge of social infrastructure development is women, children, disable and any other vulnerable population to include mainstream development'. Half of the population is women, but women have been discussed along with some vulnerable section, but we should know, vulnerable section is a part of women folk, not as a whole.

In the Budget, government has added a new charity approach along with existing allocation to the vulnerable section of women, e.g. maternal health service. Maternity Health Service is an issue of Health problem and the budget allocation should to Health sector. If budget did it, it would help the total women folk as well as the poor and vulnerable women. Gender sensitiveness is a major indicator for a good budget and in the budget declaration (2007-08), a few word like `gender sensitive' and `gender equality expenditure' has been used; but in the real context, the budget does not reflect it; It is also more absent in practice level. Government should take necessary to ensure gender sensitiveness of national budget for achieving gender equality as well as national development.

Need goal oriented planning.

Mainstreaming women in development, Right to participation in decision making process, possessions of property, gender friendly social norms and practices to the women are the basic part of gender equality and women empowerment. Without fulfilling these levels, only commitment and disorganized allocation can not help in gender equality and women empowerment as well as achievement of MDGs.

It is proved that if women have education, participation in decision making process, it would help to eradicate poverty and hunger. Government should take the necessary steps in this regards.

সুশাসনের জন্য প্রচারাভিযান
Campaign for Good Governance

Research Team:
Mousumi Biswas, Iqbal Uddin, Basanti Saha, Syed Aminul Haq, Mohammed Zakaria, Prodip Kumar Roy, Rezaul Karim Chowdhury.

সুপ্র ধারণাপত্র সিরিজ ১৭

জেন্ডার সমতা ছাড়া সহস্রাব্দের কোনো উন্নয়ন লক্ষ্যই অর্জন সম্ভব নয়

এমডিজি ৩: জেন্ডার ক্ষমতা ও নারীর ক্ষমতায়ন

জুলাই ২০০৭

এমডিজি ও বাংলাদেশের টার্গেট

জেন্ডার সমতা ও নারীর ক্ষমতায়ন ছাড়া মিলেনিয়াম ডেভেলপমেন্ট গোল বা সহস্রাব্দের উন্নয়ন লক্ষ্যের কোনো লক্ষ্যই অর্জন করা সম্ভব নয়। কারণ জেন্ডার সমতা এবং নারীর ক্ষমতায়ন একই সাথে উন্নয়নের লক্ষ্য এবং উপায়। পিআরএসপিস্বতেও বিষয়টি স্বীকার করা হয়েছে।

বিশ্বের উন্নয়নশীল দেশগুলোর অর্থনৈতিক প্রবৃদ্ধি ও দারিদ্র্য নিরসন কর্মসূচিকে বেগবান করার জন্য ২০০০ সালের ডিসেম্বর মাসে জাতিসংঘ সাধারণ পরিষদের ৫৫তম অধিবেশনে সকল সদস্য রাষ্ট্র একমত হয়ে কয়েকটি লক্ষ্য বা গোল স্থির করে যা মিলেনিয়াম ডেভেলপমেন্ট গোল বা (এমডিজি) নামে পরিচিত। এর ৮টি লক্ষ্য অনুযায়ি বাংলাদেশ সরকার ২০১৫ সালের মধ্যে ১৮টি টার্গেট অর্জনের ঘোষণা করেছে।

লক্ষ্য-৩	টার্গেট-৪	সূচক
জেন্ডার সমতা এবং নারীর ক্ষমতায়ন	২০০৫ এর মধ্যে প্রাথমিক ও মাধ্যমিক শিক্ষায় এবং ২০১৫ সালের মধ্যে শিক্ষা ক্ষেত্রে জেন্ডার বৈষম্য দূর করা	- প্রাথমিক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষায় নারী-পুরুষের অনুপাত - নারী-পুরুষের সাক্ষরতা অনুপাত - অকৃষি খাতে নারী শ্রমের অংশ - জাতীয় সংসদে নারী আসন

মিলেনিয়াম ডেভেলপমেন্ট গোল বা এমডিজিস্বর তৃতীয় লক্ষ্য হচ্ছে জেন্ডার সমতা ও নারীর ক্ষমতায়ন। এই লক্ষ্য অর্জনের জন্য বাংলাদেশ ২০০৫ সালের মধ্যে প্রাথমিক ও মাধ্যমিক শিক্ষায় এবং ২০১৫ সালের মধ্যে শিক্ষায় সকল জেন্ডার বৈষম্য দূর করার টার্গেট করেছে।

শিক্ষায় নারী -পুরুষ অনুপাত

২০০৫ সালের মধ্যে প্রাথমিক ও মাধ্যমিক শিক্ষায় নারী-পুরুষ অনুপাতের দিক দিয়ে ইতোমধ্যে আমরা লক্ষ্য অর্জনের কাছাকাছি চলে এসেছি। বাংলাদেশে ৫ থেকে ৮ বছর বয়সী ছেলেমেয়েদের মধ্যে ৮৭ শতাংশ স্কুলে ভর্তি হয় এবং তাদের মধ্যে প্রায় ৮১ শতাংশ পঞ্চম শ্রেণী পর্যন্ত লেখাপড়া শেষ করে। সাম্প্রতিক সময়ে বিশেষ কতগুলো পদক্ষেপ যেমন, প্রাথমিক পর্যায়ে বৃত্তি, মাধ্যমিক পর্যায়ে ছাত্রীদের উপবৃত্তি, বিনাবেতন ও বিনামূল্যে বই এবং অন্যান্য উপকরণ সরবরাহের জন্য ছাত্র-ছাত্রীর ভর্তি বেড়ে গেছে। বিশেষকরে ছাত্রীভর্তি বেড়ে গেছে। মাধ্যমিক পর্যায়েও ছাত্র-ছাত্রী ভর্তি অনুপাত ৫৫:৪৫ যা প্রায় কাছাকাছি চলে এসেছে। অর্থাৎ প্রাথমিক ও মাধ্যমিক শিক্ষা পর্যায়ে বাংলাদেশ টার্গেট অর্জনের দিকেই এগোচ্ছে।

শিক্ষায় নারী -পুরুষ অনুপাত

শিক্ষাস্তর	ভিত্তি বছর (১৯৯০-৯৫)	বর্তমান অবস্থা (২০০৭-০৮)
প্রাথমিক	৪৫:৫৫	৫১:৫০
মাধ্যমিক	৩৪:৬৬	৪৬:৫৪
উচ্চ শিক্ষা	২৫:৭৫	৩৮:৬২

সূত্র: গ্লোবাল মনিটরিং রিপোর্ট।

তবে এরপরও সর্বজনীন প্রাথমিক শিক্ষা অর্জনে কিছু চ্যালেঞ্জ রয়ে গেছে। সর্বজনীন প্রাথমিক শিক্ষা অর্জনে ২০১৫ সাল পর্যন্ত খরচ হবে ১.৭ বিলিয়ন ডলার যার ৪০% বাইরে থেকে সংগ্রহ করতে হবে। এছাড়া শিক্ষায় আমাদের যে অবকাঠামো আছে তাতে দেখা যাচ্ছে, ২০০৯ সালেও প্রায় ১৮ লক্ষ শিশু প্রাথমিক শিক্ষার আওতার বাইরে থাকবে। প্রাথামিক শিক্ষা থেকে ঝরে পড়া এবং শিক্ষা বঞ্চিত, ১১-৪৫ বছরের যারা পূর্বে গণশিক্ষা কর্মসূচির আওতায় সাক্ষর হয়েছেন, তাদের অর্জিত শিক্ষাকে ধরে রাখার জন্য বিশ্বব্যাংকের সহায়তায় ' সাক্ষরতা উত্তর অব্যাহত শিক্ষা প্রকল্প-১ বাস্তবায়িত হচ্ছে। কিন্তু সুষ্ঠু মনিটরিংয়ের অভাবে বেশিরভাগ সময়েই এই অর্জিত সাক্ষরতা ধরে রাখা যায়নি। ভর্তি বৃদ্ধি, ঝরে পড়া বিশেষ করে মেয়ে শিশুদের ঝরে পড়া রোধ করার জন্য মাধ্যমিক স্কুলে উপবৃত্তি ও প্রাথমিক স্কুলে শিক্ষাভাতা প্রবর্তন করেছে। কিন্তু সকল পদক্ষেপই করা হয়েছে ভর্তি বৃদ্ধি এবং সাক্ষরতা তৈরির জন্য, শিক্ষার মানোন্নয়ের বিষয়টি এড়িয়ে যাওয়া হয়েছে। ২০০০ সালের এডুকেশন ওয়াচের জরিপে দেখা যায় প্রাথমিক শিক্ষা শেষ করে এমন ছাত্র-ছাত্রীদের মাত্র ২% সরকার ঘোষিত ৫৩টি যোগ্যতা অর্জন করতে পারে।

শ্রমে নারীর অংশগ্রহণ

নারীর ক্ষমতায়ন এবং নারী-পুরুষের আয় ও সম্পদ বৈষম্যের কমিয়ে আনার সবচেয়ে কার্যকর উপায় হচ্ছে শ্রমে নারীর অংশগ্রহণ।

শ্রম শক্তিকে অংশগ্রহণের হার

মোট শ্রমশক্তি	পুরুষ	নারী
৪৬৩২৪০০	৭৮%	২২%

সূত্র: বাংলাদেশ ইন্সটিটিউট অব লেবার স্ট্যাডিস।

বাংলাদেশে ১৫ বছরের উর্ধ্বে শ্রমে অংশ্রগহণকারী মোট নারী-পুরুষ ৪৬৩২৪০০ জন। এর মধ্যে ২২% নারী। শ্রমে নারীর এই অংশগ্রহণ বেড়েছে মূলত গার্মেন্টস শিল্পের প্রায় ৯০% শতাংশ শ্রমিক হল নারী। বাংলাদেশের জাতীয় রপ্তানি আয়ের তিন-চতুর্থাংশ আসে তৈরি পোষাকশিল্প থেকে। ইউএনডিপির তথ্য অনুযায়ী, বাংলাদেশের নারীর অর্থনৈতিক কর্মহার দক্ষিণ এশিয়ার গড়পড়তা হারের দ্বিগুণ। ২০০৩ সালে বাংলাদেশের অর্থনীতিতে নারীর অংশগ্রহণ ছিল ৫৫.৯ শতাংশ, যেখানে ভারতে ২৫.৭, পাকিস্তানে ১৫.২ এবং শ্রীলঙ্কায় ৪৭.৪ শতাংশ (সংবাদ, ১৮ এপ্রিল ০৫)। জাতীয় অর্থনীতিতে নারীর এই অবদানকে কখনই স্বীকৃতি দেয়া হয় না। নারীর অর্থনৈতিক অবদানকে উপেক্ষা করার পেছনে কারণ হল তারা মূলত অনানুষ্ঠানিক খাতের অন্তর্ভূক্ত, যেখানে পদ্ধতিগতভাবে তথ্য সংগ্রহ করা হয়না। নারীর শ্রমের হিসেব করার পদ্ধতি উন্নত করলে তা নারীর অর্থনৈতিক কর্মকান্ডকে আরও দৃশ্যমান করে তুলবে।

নারীর রাজনৈতিক ক্ষমতায়ন।

আজকের বাংলাদেশে নারীর ক্ষমতায়নের ক্ষেত্রে যে কয়টি ইতিবাচক পদক্ষেপ বাস্তবায়িত হয়েছে তা হচ্ছে ইউনিয়ন পরিষদের ১২টি আসনের মধ্যে নারীর জন্য সংরক্ষিত ৩টি আসনে নারীর সরাসরি অংশগ্রহণ। ১৯৯৭ সালে সরকারি পদক্ষেপে প্রায় ৫০ হাজার নারী নির্বাচনে অংশগ্রহণ করে। ১২ হাজার ৮-শ্ব নারী নির্বাচিত হয়। কয়েকজন চেয়ারম্যান হিসেবেও নির্বাচিত হন।

›› ভেতরের পাতায়

বাংলাদেশের নারীর রাজনৈতিক ক্ষমতায়নে এই নির্বাচনে নারীর সক্রিয় অংশগ্রহণ গভীর তাৎপর্যপূর্ণ।

খান ফাউন্ডেশনের এক জরিপ থেকে জানা যায়, ইউনিয়ন পরিষদে সংরক্ষিত আসনে সরাসরি নির্বাচিত নারী সদস্যরা বলেছেন, প্রত্যক্ষ ভোটে নির্বাচিত হওয়া সত্ত্বেও তারা স্থানীয় পর্যায়ে সিদ্ধান্ত গ্রহণ ও ক্ষমতা প্রয়োগের ক্ষেত্রে যথাযথ অংশগ্রহণ করতে পারছেন না। শতকরা ৮২ জন সদস্য মনে করেন, ক্ষমতায় যাওয়ার যে আশা নিয়ে তারা নির্বাচনে নেমেছিলেন তাদের সে আশা পূর্ণ হয়নি (সংবাদ, ১৮ এপ্রিল ০৫)। স্থানীয় সরকারের আর দুটি পর্যায়ে যেমন উপজেলা ও জেলা পরিষদেনির্বাচিত প্রতিনিধি না থাকায় এখানে নারীদের নির্বাচন এবং অংশগ্রহণের প্রশ্ন আসে না। কিন্তু শহর পর্যায়ে সিটি কর্পোরেশন ও পৌরসভায় নারী প্রতিনিধির অংশগ্রহণ এবং ভূমিকা লক্ষ্যণীয় ।

সংসদে নারীর হতাশাজনক প্রতিনিধিত্ব

বাংলাদেশের জনসংখ্যার অধেকই নারী। কিন্তু এখনও এদেশের রাজনৈতিক ও সিদ্ধান্ত গ্রহণ প্রক্রিয়ায় নারীর অংশগ্রহণ খুবই কম। ১৯৯১ সাল থেকেই এদেশের সরকার প্রধান এবং বিরোধী প্রধান দুজনই নারী। অথচ সংরক্ষিত আসন বাদ দিয়ে সংসদে নারী সমাজের প্রতিনিধিত্ব মাত্র ২%। অর্থাৎ সর্বশেষ ২০০১ সালে অনুষ্ঠিত সাধারণ নির্বাচনে ৬ জন নারী সরাসরি প্রতিদ্বন্দ্বিতায় নির্বাচিত হন। যা ছিল মোট আসনের ২%। নারী প্রতিনিধিত্বের হার কেবল তখনই ১০ বা ১১ ভাগ হয়েছে যখন সংসদে সংরক্ষিত আসনে নারী প্রতিনিধিত্ব ছিল।

১৯৭২-২০০১ সালের মন্ত্রীসভায় নারীর উপস্থিতি

সাল	মোট মন্ত্রীর সংখ্যা	নারী মন্ত্রীর সংখ্যা
১৯৭২-৭৫	৫০	২
১৯৭৬-৮২	১০১	৬
১৯৮২-৯০	১৩৩	৪
১৯৯১-৯৬	৩৯	৩
১৯৯৬-২০০১	৪২	৪
২০০১-০৬	৬০	৩

সূত্র: ডেমোক্রেসি ওয়াচের জনমত জরিপ প্রতিবেদন জুলাই ২০০৩।

বাংলাদেশে সংরক্ষিত নারী আসনগুলো কাজে লাগে কেবল সংসদে রাজনৈতিক দলের সংখ্যাগরিষ্ঠতা সুসংহত করতে। কারণ তাদের যে আসনগুলোর প্রতিনিধি করা হয় তা সাধারণ আসনের চেয়ে ১০ গুন বড়। ফলে এই বিশাল নির্বাচনী এলাকার জনপ্রতিনিধি হিসেবে দায়িত্ব পালন করা কঠিন হয়ে পড়ে। এছাড়া সংরক্ষিত আসনের প্রতিনিধিদের কোনো সুনির্দিষ্ট দায়িত্ব বা দপ্তর নেই। এটা নারীর জন্য খুব একটা মর্যাদাপূর্ণ নয়।

২০০৭-০৮ এর বাজেটে নারী উন্নয়ন

বেসরকারী উন্নয়ন সংস্থাগুলো জেন্ডার সংবেদনশীল বাজেট নিয়ে কথা বলছে কয়েক বছর ধরে। এবারের বাজেটে নারী উন্নয়ন প্রসঙ্গে বাজেটকে জেন্ডার সংবেদনশীল এবং জেন্ডার সমতাকরন ব্যয় শব্দগুলো এসেছে। কিন্ত সত্যিকার অর্থে বাজেটে এই শব্দগুলো থাকলেই সেটা জেন্ডার সংবেদনশীল বাজেট হয়ে যায় না। জেন্ডার সংবেদনশীল বাজেট হচ্ছে, যে বাজেটে গৃহিত পরিবকল্পনা ও বরাদ্দ নারী-পুরুষের জন্য সমান সুফল বয়ে আনতে পারে এবং নারীদের বিশেষ অধঃচ্ছন অবস্থা উত্তোরণে সহায়ক হয়।

বাজেটে নারীর প্রসঙ্গ এসেছে সামাজিক ক্ষমতায়ন এবং সামাজিক নিরাপত্তা শীর্ষক খাতে। বাজেটের ভাষায় ‘ নারী, শিশু, প্রতিবন্ধীসহ সকলসুবিধাবঞ্চিত জনগোষ্ঠীকে উন্নয়নের মূলধারায় সম্পৃক্ত করা হচ্ছে সামাজিক অবকাঠামো উন্নয়নের মূল চ্যালেঞ্জ্ব। কিন্তু সত্যিকারভাবে নারী জনগোষ্ঠীর অর্ধেক কেবল সুবিধাবঞ্চিতদের অংশ নয়।

এই বাজেটে নারীর জন্য ৩০০ টাকা মাতৃত্বকালীন ভাতা বিশেষ বরাদ্দ হিসেবে রাখা হয়েছে । এই বিশেষ বরাদ্দও নারীর জন্য সম্মানজনক নয়। কারণ এটা একটা চ্যারিটি এপ্রোচ। একজন নারীর মাতৃত্বকালীন সেবা এবং সন্তান প্রতিপালন কেবল নারীর দায়িত্ব নয়। এই দায়িত্ব রাষ্ট্রের। স্বাভাবিকভাবে স্বাস্থ্যখাতেই এই বরাদ্দগুলো থাকা প্রয়োজন। তাছাড়া নারীকেই বিধবা এবং দুস্থ চিহ্নিত করার মধ্যে নারীর প্রতি করুনার দৃষ্টিভঙ্গি প্রকাশ পায়। জেন্ডার সংবেদনশীল বাজেট বলার পর বাজেটের এই বিষয়গুলো বৈপরীত্য তৈরি করে।

পিআরএসপিতে বাংলাদেশের নারী

বাংলাদেশে পিআরএসসিতে নারীর অগ্রগতি ও জেন্ডার বৈষম্য দূরীকরণ নামক একটি আলাদা অংশ পরিশিষ্টে রাখা হয়েছে। শুধু তাই নয়, দারিদ্র্য বিমোচনের কৌশল হিসেবে জেন্ডার বৈষম্য হ্রাসকরণের বিষয়টি তুলে ধরা হয়েছে। শিক্ষা, স্বাস্থ্য, পরিবেশ এবং কৃষির মতো বিভিন্ন উপখাতে নারীর অগ্রাধিকারগুলো চিহ্নিত করা হয়েছে। মজুরি ভোগের ক্ষেত্রে জেন্ডার বৈষম্য এবং নারীদেরই চরম দারিদ্র্যদশায় পতিত হওয়ার প্রবণতাটিও উঠে এসেছে। মোটাদাগে জেন্ডার সমতা প্রতিষ্ঠা এই দলিলের একটি অন্যতম ভাবনার দিক। জেন্ডার সমতাকে এখানে দারিদ্র্য বিমোচনের উপায় হিসেবে চিহ্নিত করা হয়েছে।

পিআরএসপিতে সমন্বিত পারিবারিক আইন

বাংলাদেশে রাষ্ট্রীয় আইনের পাশাপাশি প্রচলিত আছে ধর্মের ভিত্তিতে করা পারিবারিক আইন । ১৯৯২ সালে এপ্রিল মাসে বাংলাদেশ মহিলা পরিষদ প্রথম তাদের সর্বজনীন পারিবারিক আইনের প্রচ্ছাবনার রুপরেখা প্রকাশ করে। এরপর থেকে বাংলাদেশের সম্মিলিত নারী সমাজ একটি অভিন্ন পারিবারিক আইনের দাবি জানিয়ে আসছে। বাংলাদেশ সরকার পিআরএসপিতে সকল নারীর অধিকার রক্ষার্থে ২০০৭ সালের মধ্যে একমুখী পরিবার কোড গ্রহণ করার অঙ্গিকার করেছে। কিন্ত এটা এখনও বাচ্চবায়িত হয়নি। উপরন্ত সিডো সনদের ২ নং ধারায় নারী-পুরুষের সমাজ সম্পত্তির অধিকার দেয়া কথা বলা হয়েছে বলে বাংলাদেশ সরকার এখনও এই ধারাটিতে স্বাক্ষর করেনি। জাতীয় পাঠ্যক্রমে নারীর প্রতি অবমাননাকর শব্দ, অংশ এবং তার সনাতনী ভূমিকাকে বাদ দেওয়ার জন্য একটি কমিটি গঠন করা হয়েছিল কিন্ত আজ পর্যন্ত সে কাজের কোনো অগ্রগতি হয়নি।

নারী উন্নয়ন নীতিমালা

সরকার নারীর ক্ষমতায়ন নারী উন্নয়নের জন্য নারী উন্নয়ন নীতিমালা গ্রহণ করে ১৯৯৭ সালে। এর ফলাফল হিসেবে আমরা ইউনিয়ন পরিষদে নারীর সরাসরি ভোটে নির্বাচিত হওয়ার অধিকার, সন্তানদের বাবার নামের পাশাপাশি মায়ের নাম , সরকারি কর্মচারিদের বিধবা স্ত্রীদের পেনশন পাওয়া এবং প্রাথমিক স্কুলে ৬০% ও অন্যান্য শিক্ষা প্রতিষ্ঠানে ৩০% কোটা আমরা পেয়েছিলাম। কিন্তু ২০০৪ সালে এই নারী উন্নয়ন নীতি সংশোধন করে নারীদের চাওয়া-পাওয়াকে অনেকখানি খর্বকরা হয়েছে। নারী উন্নয়ন কর্মীরা দাবি জানাচ্ছেন ১৯৯৭ সালের নারী উন্নয়ন নীতি পূনর্বহালের জন্য।

চাই লক্ষ্যভিত্তিক পরিকল্পনা

জেন্ডার সমতা ও নারীর ক্ষমতায়নের কতগুলো স্তর আছে যেমন, নারীকে উন্নয়নের মূলধারায় নিয়ে আসা, অংশগ্রহণের অধিকার দেওয়া, সম্পদে সমান অংশীদারিত্ব দেয়া, সিদ্ধান্ত গ্রহণ প্রক্রিয়ায় অংশগ্রহণ করতে পারা এবং নারীর প্রতি সমাজ ও রাষ্ট্রের দৃষ্টিভঙ্গির ইতিবাচক পরিবর্তন। এই স্তরগুলো অতিক্রম না করে কেবল প্রতিশ্রুতি, এখানে ওখানে বরাদ্দ দিয়ে জেন্ডার সমতা ও নারীর ক্ষমতায়ন সম্ভব নয়। জেন্ডার সমতা ও নারীর ক্ষমতায়ন না হলে এমডিজির অন্যান্য লক্ষ্যগুলো অর্জনও দুঃসাধ্য হয়ে পড়বে। কারণ একথা প্রমাণিত নারীর শিক্ষা, অংশগ্রহণ ও সিদ্ধান্ত গ্রহণ ক্ষমতা থাকলে মাতৃ ও শিশু স্বাস্থ্য, শিক্ষা, রোগ প্রতিরোধসহ দারিদ্র্য বিমোচন কর্মসূচি সফল করা সহজ হয়।

কোস্ট ট্রাস্ট, বাড়ি ৯/৪, সড়ক ২, শ্যামলী, ঢাকা ১২০৭
ফোন: +৮৮ ০২ ৮১২ ৫১৮১, ৮১৫ ৪৬৭৩, ফ্যাক্স: +৮৮ ০২ ৯১২ ৯৩৯৫, ইমেইল: info@coastbd.org ওয়েব: www.coastbd.org